# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৭৫) ফেরেশতাদের প্রতি ঈমান আনয়নের অর্থ কি?

উত্তরঃ ফেরেশতাদের প্রতি ঈমান আনয়নের অর্থ হচ্ছে তাদের অস্তিত্বের প্রতি দৃঢ় বিশ্বাস পোষণ করা এবং আরো বিশ্বাস করা যে, তারা আল্লাহর সৃষ্টিসমূহের অন্যতম সৃষ্টি। তারা আল্লাহর প্রতিপালনাধীন এবং তাঁরই অধিনস্ত। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

عِبَادٌ مُكْرَمُونَ * لاَ يَسْبِقُونَهُ بِالْقَوْلِ وَهُمْ بِأَمْرِهِ يَعْمَلُونَ

"তারা আল্লাহর সম্মানিত বান্দা। আল্লাহর আগে বেড়ে কথা বলতে পারে না এবং তারা তো তাঁর আদেশ অনুসারেই কাজ করে থাকে"। (সূরা আম্বীয়াঃ ২৬-২৭) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

لاَ يَعْصُونَ اللَّهَ مَا أَمَرَهُمْ وَيَفْعَلُونَ مَا يُؤْمَرُونَ

"তারা আল্লাহর আদেশ অমান্য করে না এবং তাঁরা যা করতে আদিষ্ট হন, তাই করেন"। (সূরা তাহরীমঃ ৬) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

لاَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِهِ وَلاَ يَسْتَحْسِرُونَ * يُسَبِّحُونَ اللَّيْلَ وَالنَّهَارَ لاَ يَفْتُرُونَ

"তারা অহংকার বশে তাঁর এবাদত করতে বিমুখ হয় না এবং তাঁরা ক্লান্তি বোধ করে না। তারা দিবারাত্রি তাঁর পবিত্রতা ও মহিমা বর্ণনা করেন এবং তাঁরা ক্লান্ত হন না"। (সূরা আম্বিয়াঃ ১০-২০) অর্থাৎ তাঁরা আল্লাহর এবাদত করতে বিরক্তি ও ক্লান্তি বোধ করে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11889

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন